চট্টগ্রাম বোর্ড-২০১৭

ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা: প্রথম পত্র

সৃজনশীল প্রশ্ন

বিষয় কোড : ২ ৯ ২

সময়-২ ঘণ্টা ৩০ মিনিট

পূর্ণমান — ৭০

*[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড়ো এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যেকোনো **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]*

১.▶ জনাব কুয়াশা ও জনাব শিশির দু'জন পাইকারি ব্যবসায়ী। জনাব কুয়াশা শুধু কাপড়ের ব্যবসায় করেন। অন্যদিকে জনাব শিশির কাপড়ের পাশাপাশি জুতার ব্যবসায় করেন। কেননা শিশির মনে করেন কাপড়ের ব্যবসায় যদি কোনো ক্ষতি হয়, জুতার ব্যবসা থেকে মুনাফা অর্জন করা যাবে। জনাব কুয়াশা অধিক মুনাফার আশায় সর্বদা নগদ অর্থ হাতে কম রেখে অধিক বিনিয়োগ করেন।

ক. ব্যবসায় অর্থায়ন কাকে বলে? ১

খ. তারল্য বলতে কী বোঝায়? ২

গ. শিশির অর্থায়নের কোন নীতি অনুসরণ করেছেন? উদ্দীপকের আলোকে ব্যাখ্যা করো। ৩

ঘ. জনাব কুয়াশার অধিক অর্থ বিনিয়োগ তার ব্যবসায় কী প্রভাব ফেলতে পারে? বিশ্লেষণ করো। ৪

২.▶ সুলতান সাহেব শেয়ারে বিনিয়োগ করেন। তিনি বিভিন্ন ব্যাংক, বিমা ও উৎপাদনকারী প্রতিষ্ঠানের শেয়ার ক্রয় করে পরবর্তীতে বাড়তি দামে বিক্রি করে লাভ করার চেষ্টা করেন। মাঝে মাঝে তিনি IPO-তেও আবেদন করেন। শেয়ারের দাম প্রতিনিয়ত উঠানামা করে। তিনি প্রায়ই লক্ষ্য করেন শেয়ারের মূল্য অতিমূল্যায়িত হয় আবার অবমূল্যায়িত হয়।

ক. ইকুইটি মূলধন কাকে বলে? ১

খ. OTC মার্কেট বলতে কী বোঝায়? ২

গ. সুলতান সাহেব কোন ধরনের বাজারে বিনিয়োগ করেন —উদ্দীপকের আলোকে ব্যাখ্যা করো। ৩

ঘ. ঝুঁকিমুক্ত বিনিয়োগের ক্ষেত্রে কোন পদ্ধতিটি প্রযোজ্য? উদ্দীপকের আলোকে মূল্যায়ন করো। ৪

৩.▶ মি. কমল একজন উদ্যোক্তা। তিনি নিজ উদ্যোগে ব্যবসা করতে চান। ব্যবসা করতে মোট ১০ লক্ষ টাকা প্রয়োজন। কিন্তু তার ৫ লক্ষ টাকা নিজস্ব মূলধন রয়েছে। বাকি ৫ লক্ষ টাকা তিনি সোনালী অথবা রূপালী ব্যাংক হতে আগামী ১০ বছরের জন্য

ঋণ গ্রহণ করতে পারেন। সোনালী ব্যাংক হতে বার্ষিক ১০% চক্রবৃদ্ধি সুদে মেয়াদ শেষে পরিশোধ করতে হবে। অন্যদিকে রূপালী ব্যাংক হতে ঋণ নিলে মাসিক ৯% চক্রবৃদ্ধি সুদে মেয়াদ শেষে পরিশোধ করতে হবে।

ক. অর্থের সময়মূল্য কাকে বলে? ১

খ. সাধারণ বৃত্তি বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকে মি. কমল সোনালী ব্যাংক হতে ঋণ নিলে সুদআসলে কত টাকা পরিশোধ করতে হবে? ৩

ঘ. উদ্দীপকের আলোকে মি. কমলের কোন ব্যাংক হতে ঋণ গ্রহণ করা উচিত? তোমার উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

৪.▶ ফটকি লি. প্রতি প্যাকেট চানাচুর ভাজা বাজারে ৩০ টাকায় বিক্রি করে। প্রতি প্যাকেট চানাচুর ভাজার কাঁচামাল ও মজুরি বাবদ ব্যয় হয় ২৫ টাকা। চানাচুর উৎপাদনের যন্ত্রপাতি ক্রয় বাবদ ব্যয় হয় ১৫,০০০ টাকা। কাঁচামালের সরবরাহ কমে যাওয়ায় প্রতি প্যাকেট কাঁচামাল ও মজুরি বাবদ ব্যয় ১০% বৃদ্ধি পাবে। তবে বিক্রয়মূল্য অপরিবর্তিত থাকবে। প্রতিষ্ঠানটি ৭০,০০০ প্যাকেট চানাচুর উৎপাদন করে।

ক. চলতি অনুপাত কী? ১

খ. সমচ্ছেদ বিন্দু বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকের আলোকে ৩০,০০০ টাকা মুনাফা অর্জন করতে হলে কোম্পানিকে কত প্যাকেট চানাচুর বিক্রি করতে হবে? ৩

ঘ. উদ্দীপকের পরিবর্তিত পরিস্থিতিতে আরো কম চানাচুর বিক্রয় করে ব্রেক-ইভেন বিন্দুতে পৌঁছানো সম্ভব কী? যুক্তিসহ উত্তর দাও। ৪

৫.▶ নবগঙ্গা কোম্পানি লি. এর বছরে ১০ হাজার একক বল বেয়ারিং প্রয়োজন। প্রত্যেক বেয়ারিং এর দাম ৭৫ টাকা এবং বহন খরচ প্রতি একক ২ টাকা। ফরমায়েশপ্রতি ১৫০ টাকা। প্রতিষ্ঠানটির ক্রয় আদেশ দেয়ার পর পণ্য পৌঁছাতে ৪ দিন সময় লাগে। এজন্য কোম্পানি ক্রেতাদের চাহিদা নিশ্চিত করতে নিরাপত্তা মজুদ হিসাবে ৬০০ একক পণ্য সংরক্ষণ করে। কিন্তু প্রাকৃতিক দুর্যোগের কারণে পণ্য পৌঁছাতে ৭ দিন সময় লেগে যায়।

ক. ব্যবসায় ঋণ কী? ১

খ. মজুদ কেন করা হয়? ২

গ. উদ্দীপকের আলোকে EOQ নির্ণয় করো। ৩

ঘ. প্রাকৃতিক দুর্যোগের কারণে পণ্য পৌঁছাতে দেরি হওয়ায়, মজুদ ব্যবস্থায় কোনো সমস্যা হবে কী? উদ্দীপকের আলোকে মতামত দাও। ৪

৬.▶ চিত্রা কোম্পানি লি. ২০১০ সালের ১ জানুয়ারি তারিখে ১৫ বছর মেয়াদি ১,০০০ টাকা লিখিত মূল্যের বন্ড বাজারে ইস্যু করে। যার কুপন হার ১০% এবং বন্ড হতে প্রয়োজনীয় আয়ের হার ১২%।

ক. বন্ডের বাজার কাকে বলে? ১

খ. কুপন রেট বৃদ্ধির ফলে বন্ডের চলতি আয়ের উপর কী প্রভাব পড়বে? ২

গ. উদ্দীপকের তথ্যানুযায়ী চিত্রা কোম্পানি লি.-এর বন্ডের মূল্য নির্ণয় করো। ৩

ঘ. যদি বন্ড হতে প্রত্যাশিত আয়ের হার বৃদ্ধি পেয়ে ১৫% হয়, হবে বন্ডটি ক্রয় করা লাভজনক হবে কি? মূল্যায়ন করো। ৪

৭.▶ রূপসা কোম্পানি লি. এর সাধারণ শেয়ার মূলধন ৫০ কোটি টাকা। সাধারণ শেয়ারের বাজারমূল্য ১৪০ টাকা। কোম্পানি এ বছর সাধারণ শেয়ার মালিকদের প্রতি শেয়ারে ১৪ টাকা লভ্যাংশ প্রদান করেছে এবং অতীতে কোম্পানি কর্তৃক প্রদত্ত লভ্যাংশ ৫% হারে বৃদ্ধি পেয়েছে। কর হার ৪০%। একটি নতুন প্রকল্পে বিনিয়োগের জন্য কোম্পানির আরো ৫০ কোটি টাকা প্রয়োজন। নিম্নের দুটি প্রকল্পের একটি হতে কোম্পানিকে তহবিল সংগ্রহ করতে হবে।

বিকল্প-১: ১৫% সুদের হারে ১০ বছর মেয়াদি বন্ড ইস্যু করে প্রতিটি বন্ডের লিখিত মূল্য ১,০০০ টাকা এবং বাজারমূল্য ১,১০০ টাকা।

বিকল্প-২: ১৩% চিরস্থায়ী অগ্রাধিকার শেয়ার ইস্যুর মাধ্যমে তহবিল সংগ্রহ করা যায়। অগ্রাধিকার শেয়ারের বাজারমূল্য ১০০ টাকা। উত্তরণ ব্যয় ২ টাকা।

ক. মূলধন ব্যয় কী? ১

খ. অগ্রাধিকার শেয়ারকে কেন সংকর সিকিউরিটি বলা হয়? ২

গ. রূপসা কোম্পানি লি. এর সাধারণ শেয়ারের ব্যয় নির্ণয় করো। ৩

ঘ. রূপসা কোম্পানি লি. তহবিল সংগ্রহের ক্ষেত্রে কোন বিকল্পটি গ্রহণ করলে লাভজনক হবে? উদ্দীপকের আলোকে বিশ্লেষণ করো। ৪

৮.▶ মি. সিয়াম ক ও খ নামের পরস্পর বর্জনশীল দু'টি বিনিয়োগ প্রকল্পের যেকোনো একটি প্রকল্পে বিনিয়োগের চিন্তাভাবনা করছেন। প্রত্যেক প্রকল্পের প্রাথমিক বিনিয়োগের পরিমাণ ১,০০,০০০ টাকা। প্রকল্প দু'টির নগদ আন্তঃপ্রবাহ নিচে দেয়া হলো :

	বছর-১	বছর-২	বছর-৩	বছর-৪	বছর-৫
প্রকল্প-ক	১৭,০০০	১৫,০০০	২৫,০০০	২০,০০০	২১,০০০
প্রকল্প-খ	২০,০০০	২০,০০০	২০,০০০	২০,০০০	২০,০০০

ক. মূলধন বাজেটিং কী? ১

খ. পরস্পর বর্জনশীল প্রকল্প বলতে কী বোঝায়? ব্যাখ্যা করো। ২

গ. উদ্দীপকের আলোকে 'ক' প্রকল্পের পরিশোধ কাল সময় (PBP) নির্ণয় করো। ৩

ঘ. কোন বিনিয়োগ সিদ্ধান্তটি লাভজনক? মূল্যায়ন করো। ৪

৯.▶ মি. রায়হান অবসর গ্রহণের পর তার কোম্পানি থেকে ২৫,০০,০০০ টাকা পেলেন। তিনি এর মধ্যে ১০,০০,০০০ টাকা মূলধন বাজারে বিনিয়োগ করতে আগ্রহী। বিনিয়োগ সিদ্ধান্ত গ্রহণের জন্য তিনি ২টি সিকিউরিটি x ও y এর অতীত ব্যয় পর্যালোচনা করেন। সিকিউরিটি x ও y এর বিগত তিন বছরের আয়ের হার নিম্নে দেয়া হলো–

বছর	আয়ের হার (সিকিউরিটি X)	আয়ের হার (সিকিউরিটি Y)
২০১০	৮%	১৩%
২০১১	৬%	–৫%
২০১২	১৩%	২২%

ক. ঝুঁকি কী? ১

খ. অনিশ্চয়তা বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকের আলোকে উল্লিখিত দুটি সিকিউরিটির প্রত্যাশিত আয় নির্ণয় করো। ৩

ঘ. পরিমিত ব্যবধানের (Standard deviation) আলোকে মি. রায়হানের কোন সিকিউরিটিতে বিনিয়োগ উত্তম এবং কেন? ঝুঁকি বিবেচনা করে তোমার মতামত দাও। ৪

১০.▶ মি. মাহবুব ৫ বছর পরে একটি গাড়ি কিনতে চান। সেই সময় ঐ গাড়িটির মূল্য হবে ১০ লক্ষ টাকা। ঐ গাড়িটি ক্রয় করতে হলে ১২% সুদের হারে টাকা সঞ্চয় করতে হবে।

ক. ভবিষ্যৎ মূল্য কী? ১

খ. কার্যকরী সুদের হার বলতে কী বোঝায়? ২

গ. ঐ গাড়িটি ক্রয় করতে মোট কত টাকা জমা করতে হবে? উদ্দীপকের আলোকে নির্ণয় করো। ৩

ঘ. ১৫% সুদের হারে ৪,০০,০০০ টাকা ব্যাংকে জমা দিলে নির্ধারিত সময়ে গাড়িটি ক্রয় করা কী সম্ভব? ৪

১১.▶ জনাব সালাম একটি কোম্পানির আর্থিক ব্যবস্থাপক। তার হাতে একটি বিনিয়োগ প্রকল্প রয়েছে। প্রকল্পের প্রাথমিক বিনিয়োগ ১,০০,০০০ টাকা এবং আগামী ৩ (তিন) বছরে বার্ষিক নগদ কর-পরবর্তী মুনাফা যথাক্রমে ৩০,০০০, ৫০,০০০ ও ৩৫,০০০ টাকা। মূলধন ব্যয় ১৫%। জনাব সালাম নিট বর্তমান মূল্য পদ্ধতি (NPV) ব্যবহার করে প্রকল্পের আয়ের হার সম্পর্কে নিশ্চিত হতে চান।

ক. অভ্যন্তরীণ আয়ের হার কী? ১

খ. মূলধন রেশনিং বলতে কী বোঝ? ২

গ. প্রকল্পের গড় মুনাফার হার নির্ণয় করো। ৩

ঘ. জনাব সালামের প্রকল্পটি কি গ্রহণ করা উচিত? উদ্দীপকের আলোকে যুক্তিসহকারে উত্তর দাও। ৪

ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা: প্রথম পত্র (বহুনির্বাচনি) বিষয় কোড : ২ ৯ ২

সময় ঃ৩০ মিনিট পূর্ণমান—৩০

[বিশেষ দ্রষ্টব্য ঃ সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রের প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বলপয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান-১]

১. **স্বতঃস্ফূর্ত অর্থায়ন কোনটি?**
(ক) ব্যবসায় ঋণ
(খ) বাণিজ্যিক কাগজ
(গ) ব্যাংক ঋণ
(ঘ) ক্ষুদ্র ঋণদানকারী প্রতিষ্ঠান

২. **বাধ্যতামূলক ফি কোন ধরনের ব্যাংক ঋণের ক্ষেত্রে প্রযোজ্য?**
(ক) লেনদেন ঋণ (খ) স্বীকৃতিপত্র
(গ) ঋণ রেখা (ঘ) ঘূর্ণায়মান ঋণ

৩. **'মানি লন্ডারিং প্রতিরোধ আইন' প্রণীত হয় কোন সালে?**
(ক) ১৯৯৩ (খ) ২০০২
(গ) ২০১০ (ঘ) ২০১২

উদ্দীপকটি পড়ো এবং ৪ ও ৫ নং প্রশ্নের উত্তর দাও।
নীলাঞ্জনা লি. দুটি পরস্পর বর্জনশীল প্রকল্প থেকে উত্তম প্রকল্পটি বাছাই করতে চায়। প্রকল্প দুটির মূলধন ব্যয় ১০%। প্রকল্পদ্বয়ের তথ্যাবলি নিম্নরূপ-

বিবরণ	প্রকল্প ক	প্রকল্প খ
প্রাথমিক বিনিয়োগ	৩০,০০০ টাকা	৫০,০০০ টাকা
নগদ অন্তঃপ্রবাহ (১-৫ বছর)	১০,০০০ টাকা	১৫,০০০ টাকা
নিট বর্তমান মূল্য	৭,৯০৮ টাকা	৬,৮৬২ টাকা

৪. **উল্লিখিত দুটি প্রকল্পের মধ্যে প্রথম প্রকল্পের গড় আয়ের হার প্রায়–**
(ক) ৩০% (খ) ৩৩%
(গ) ৬০% (ঘ) ৬৭%

৫. **প্রকল্পদ্বয়ের ক্ষেত্রে–**
i. প্রথম প্রকল্প গ্রহণযোগ্য কেননা এর পে-ব্যাক সময় বেশি
ii. প্রথম প্রকল্প গ্রহণযোগ্য কেননা এর পে-ব্যাক সময় কম
iii. দ্বিতীয় প্রকল্প গ্রহণযোগ্য নয় কেননা এর নিট বর্তমান মূল্য কম

নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

৬. **কোন পদ্ধতি অর্থের সময় মূল্য বিবেচনা করে?**
i. নিট বর্তমান মূল্য ii. গড় আয়ের হার
iii. আন্তঃআয় হার

নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

৭. **মূলধন বাজেটিংয়ের সর্বাপেক্ষা গ্রহণযোগ্য পদ্ধতি কোনটি?**
(ক) নিট বর্তমান মূল্য
(খ) আন্তঃআয় হার
(গ) বিনিয়োগ পরিশোধকাল
(ঘ) গড় আয়ের হার

৮. **'রুল ৭২' অনুযায়ী ১২% সুদে ১০,০০০ টাকা কত বছরে ২০,০০০ টাকা হবে?**
(ক) ১২ (খ) ৮
(গ) ৬ (ঘ) ২

৯. **মূলধন বাজারের হাতিয়ার হচ্ছে–**
(ক) বাণিজ্যিক কাগজ (খ) পুনঃক্রয়চুক্তি
(গ) ট্রেজারি বিল (ঘ) ট্রেজারি বন্ড

১০. **নিচের কোন পক্ষ ফ্রি নগদ প্রবাহের মাধ্যমে বণ্টনযোগ্য নগদ প্রবাহ পরিমাপ করে?**
(ক) কাঁচামাল সরবরাহকারী (খ) দেনাদার
(গ) শ্রমিক (ঘ) ঋণদাতা

উদ্দীপকটি পড়ো এবং ১১ ও ১২ নং প্রশ্নের উত্তর দাও।
হৃদিতা একটি বৃহদায়তন ফার্মের আর্থিক ব্যবস্থাপক। সে সর্বদাই এমন একটি লক্ষ্য অর্জনের চেষ্টা করছে যেটি ফার্মের আয় ও ব্যয়ের ব্যবধানকে সর্বাধিক করার প্রতি গুরুত্বারোপ করে।

১১. **হৃদিতার অনুসরণ করা লক্ষ্যকে অর্থায়নের ভাষায় বলা হয়–**
(ক) দায় সর্বনিম্নকরণ (খ) ব্যয় সর্বনিম্নকরণ
(গ) মুনাফা সর্বাধিকরণ (ঘ) সম্পদ সর্বাধিকরণ

১২. **হৃদিতার অনুসরণকৃত লক্ষ্যের সীমাবদ্ধতা নিচের কোনটি বিবেচনা না করা?**
i. অর্থের সময়মূল্য
ii. সকল নগদ প্রবাহ
iii. ঝুঁকি

নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

১৩. **চিরস্থায়ী বৃত্তিতে অনির্দিষ্ট থাকে কোনটি?**
(ক) অর্থ প্রবাহের পরিমাণ
(খ) অর্থ প্রবাহের সময়ব্যবধান
(গ) অর্থ প্রবাহের সর্বশেষ সময়সীমা
(ঘ) সুদের হার

১৪. **জনাব আলমের মোট মূলধনের ৬০% নিজস্ব এবং ঋণ মূলধন ৪০% এর সুদ ১৭%। তিনি ২০% মুনাফায় বিনিয়োগের সুযোগ পেয়ে মূলধন কাঠামো পরিবর্তন করেন। ফলে ঋণ ও নিজস্ব তহবিলের পরিমাণের বিপরীত সম্পর্ক সৃষ্টি হয়। মূলধন কাঠামো পরিবর্তনে জনাব আলম বিবেচনা করেছেন–**
i. তহবিলের সুযোগ ব্যয়
ii. গড় মূলধন ব্যয়
iii. সাধারণ শেয়ার মূলধন ব্যয়

নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

১৫. ঋণ পরিশোধ সূচিতে প্রদর্শন করা হয়—
i. সুদের পরিমাণ ii. কিস্তির পরিমাণ
iii. আসলের পরিমাণ
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

১৬. একটি জিরো কুপন বন্ডের অভিহিত মূল্য ১,০০০ টাকা, মেয়াদ ৬ বছর এবং এ ধরনের বন্ডের সুযোগ ব্যয় ১২% হলে বন্ডের অন্তর্নিহিত মূল্য কত টাকা?
ক) ১২০ খ) ১৬৬
গ) ২৫৭ ঘ) ৫০৭

১৭. ফার্মের দৃষ্টিকোণ থেকে সর্বাপেক্ষা ঝুঁকিপূর্ণ মূলধনের উপাদান হচ্ছে—
ক) ঋণ খ) অগ্রাধিকার শেয়ার
গ) সংরক্ষিত আয় ঘ) সাধারণ শেয়ার

১৮. অগ্রাধিকার শেয়ারের মাধ্যমে শেয়ারহোল্ডার লাভ করে—
i. মালিকানার স্বীকৃতি ii. লভ্যাংশ
iii. ভোটাধিকার
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

১৯. বাজার পোর্টফোলিওর উপার্জন হার ২০%। ট্রেজারি বিলের সুদের হার ১০% এবং কোনো ফার্মের বাজার ঝুঁকির পরিমাণ ২ টাকা হলে ঐ ফার্মের ইক্যুইটি তহবিলের ব্যয় কত?
ক) ৪০% খ) ৩০%
গ) ২০% ঘ) ১০%

২০. সাধারণ অর্থে অর্থায়ন হলো—
ক) অর্থ সংগ্রহ খ) অর্থের ব্যবহার
গ) অর্থের নিয়ন্ত্রণ ঘ) অর্থের বিনিয়োগ

২১. সরকারি অর্থায়নে সর্বাগ্রে বিবেচ্য বিষয় কোনটি?
ক) আয় খ) ব্যয়
গ) সঞ্চয় ঘ) বিনিয়োগ

উদ্দীপকটি পড়ো এবং ২২ ও ২৩ নং প্রশ্নের উত্তর দাও।

বিবরণ	সিকিউরিটি-X	সিকিউরিটি-Y
প্রত্যাশিত আয়	১০%	১৫%
পরিমিত ব্যবধান	১৫%	২৫%
বিভেদাংক	১৫০%	?

২২. সিকিউরিটি Y-এর বিভেদাংক নিচের কোনটি?
ক) ১০০% খ) ১৫০%
গ) ১৬৭% ঘ) ১৭০%

২৩. সিকিউরিটি Y হলো—
i. অধিক ঝুঁকিপূর্ণ
ii. কম ঝুঁকিপূর্ণ
iii. অধিক আয়যুক্ত
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) ii ও iii
গ) i ও iii ঘ) i, ii ও iii

২৪. স্বল্পমেয়াদি ঋণের বৈশিষ্ট্য হচ্ছে—
i. অনধিক এক বছর মেয়াদ
ii. তুলনামূলক কম ব্যয় সম্পন্ন
iii. সর্বদাতা জামানতযুক্ত
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

২৫. জামান সাহেবের ক্রয়কৃত সাধারণ শেয়ারের বাজারমূল্য ১১০ টাকা। সম্প্রতি তিনি জানতে পারেন যে, তার শেয়ার থেকে ভবিষ্যতে ১১ টাকা লভ্যাংশ পাওয়া যাবে। এই লভ্যাংশ ভবিষ্যতে ৫% বৃদ্ধি পাবে। শেয়ারটির মূলধন ক্রয় কত?
ক) ৫% খ) ১০%
গ) ১৫% ঘ) ২০%

২৬.

চিত্রে উল্লেখিত E_1 থেকে E_2 বিন্দুতে স্থানান্তর কী নির্দেশ করে?
i. ঝুঁকি বৃদ্ধি ii. আয় বৃদ্ধি
iii. ব্যয় বৃদ্ধি
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

২৭. বাজার পোর্টফোলিও বেটা (β) এর মান নিচের কোনটি?
ক) –১ খ) ০
গ) ১ ঘ) অনির্দিষ্ট

২৮. সুনির্দিষ্ট জামানযুক্ত অর্থায়ন কোনটি?
ক) বন্ড খ) ঋণপত্র
গ) অগ্রাধিকার শেয়ার ঘ) সাধারণ শেয়ার

২৯. লভ্যাংশ পরিশোধ কোন ধরনের নগদ প্রবাহ?
ক) পরিচালন খ) বিনিয়োগ
গ) অর্থায়ন ঘ) ফ্রি নগদ প্রবাহ

৩০. মুদ্রা বাজার নিয়ন্ত্রণকারী প্রতিষ্ঠান কোনটি?
ক) বাংলাদেশ ব্যাংক
খ) বাংলাদেশ চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রিজ
গ) বাংলাদেশ সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ কমিশন
ঘ) ঢাকা স্টক এক্সচেঞ্জ লি.

১	ক	২	ঘ	৩	গ	৪	ঘ	৫	গ	৬	ঘ	৭	ক	৮	গ	৯	ঘ	১০	ঘ	১১	গ	১২	ঘ	১৩	গ	১৪	ক	১৫	খ
১৬	ঘ	১৭	ক	১৮	ক	১৯	খ	২০	ক	২১	খ	২২	গ	২৩	গ	২৪	ক	২৫	গ	২৬	গ	২৭	গ	২৮	ক	২৯	গ	৩০	ক